# কমপিউটার সিস্টেম প্রসঙ্গে

- আফতাব-উল ইসলাম

আগষ্ট ১৯৯১ সংখ্যা কমপিউটার জগৎ পত্রিকায় প্রকাশিত আমার "কমপিউটার ও পেরিফেরালসের শুল্ক অনিয়ম' শীর্ষক নিবন্ধে উল্লেখিত বিষয়ে আলোকপাত করেছিলাম। এর গুরুত্ব ও দেশব্যাপী কমপিউটারায়নের প্রয়োজনীয়তা উপলব্ধি করে জাতীয় রাজস্ব বোর্ড গত ২০/০৮/৯১ তারিখে কমপিউটারের উপর ডিউটি ট্যাক্স ২০% থেকে হ্রাস করে ৫% এ নামিয়ে আনে। কিন্তু যন্ত্রাংশ ও অন্যান্য পেরিফেরালস –এর উপর শুল্ক হার ২০% বলবৎ রয়েছে। কমপিউটারের আমদানীতে শুল্কহার কমানোর জন্য রাজস্ব বোর্ড অবশ্যই ধন্যবাদ পাবার যোগ্য। কারণ, সরকারের নীতিমালার যাথে সামঞ্জস্য রেখে রাজস্ব বোর্ড সারাদেশে কমপিউটারায়নের আবশ্যকীয়তা অনুধাবন করতে পেরেছে। যেই মুহুর্তে সরকার বিশ্বের এই সর্বাধুনিক প্রযুক্তির সাথে একাত্মতা দেখিয়ে দেশকে বর্তমান তথ্য বিপ্লবের সাথে এগিয়ে নিতে আগ্রহী সেই সময়ে রাজস্ব বোর্ডের এই ঘোষণা নিঃসন্দেহে উল্লেখযোগ্য এবং সাধুবাদ প্রাপ্য। তবে ঐ ঘোষণায় রাজস্ব বোর্ডের কমপিউটার শব্দের ব্যাখ্যা নিয়ে আমদানীকারক ও শুল্ক কর্মকর্তাদের মধ্যে ভুল বোঝাবুঝির অবকাশ থেকে যাচ্ছে।

'কমপিউটার সিষ্টেম এবং পেরিফেরালস' সম্পর্কে আমাদের দেশে সঠিক জ্ঞানের অভাব রয়েছে কারণ এই প্রযুক্তি এদেশে নতুন।

একটি কমপিউটারকে এভাবে ব্যখ্যা করা যেতে পারে। এটা হচ্ছে তথ্য এবং সংখ্যার আকারে উপাত্ত গ্রহনের, উপাত্তের প্রতি নির্দেশিত প্রক্রিয়া প্রয়োগের এবং এই সব প্রক্রিয়ার ফলাফলসমূহকে অর্থপূর্ণ তথ্য হিসেবে সরবরাহ করার একটি যন্ত্র বিশেষ ( Device) যন্ত্রটি সাধারণতঃ গঠিত হয় ইনপুট এবং আউটপুট, ষ্টোরেজ, এরেথমেটিক ও লজিক ইউনিট এবং একটি কন্ট্রোল ইউনিট দ্বারা। সুতরাং কমপিউটারকে আরো সঠিক ভাবে বলা হয় "কমপিউটার সিষ্টেম" — যা গঠিত হয় অনেকগুলো পেরিফেরালস দ্বারা। যেমন (১) টার্মিনাল (২) প্রিন্টার (৩) হার্ড ডিস্ক, (৪) মাল্টি –প্লেক্সার (৫) আনইন্টারাপটেড পাওয়ার সাপ্লাই বা ইউপিএস (৬) এস সি এস আই সাব সিষ্টেম (৭) মোডেম (৮) টেপ ড্রাইভস, (৯) নেটওয়ার্কিং এ্যাডাপ্টার ইত্যাদি। এগুলো হচ্ছে একটি কমপিউটারের অবিচ্ছেদ্য অংশ। যার যে কোন একটির অভাবেই "কমপিউটার সিষ্টেম" অসম্পূর্ণ থাকবে।

এজন্য কমপিউটারের উপর ডিউটি কমালে পেরিফেরোলস –এর উপরও ডিউটি কমানোর বিষয়টি সাথে সাথেই চলে আসে কারণ, কমপিউটার ও পেরিফেরালস মিলেই কমপিউটার সিষ্টেম"।

এদিকে পেরিফেরালসের মূল্য বৃদ্ধিতে কমপিউটার সিষ্টেম রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং কমপিউটারের চেয়ে ব্যয়বহুল হয়ে দাঁড়াবে। কোন কমপিউটার সিষ্টেম কেনার পর যদি দেখা যায় তার খুচরা যন্ত্রাংশের খরচ অধিক তাহলে এদেশে দ্রুত কমপিউটারায়ন তো হবেই না বরং যা হবে তা হলো একপা এগিয়ে দুপা পিছিয়ে যাওয়া। কমপিউটার সিষ্টেমের ব্যাঘাতহীন রক্ষণাবেক্ষণের জন্য বিক্রয়কারীদের অনেক যন্ত্রাংশ সব সময় মজুত রাখতে হয়। জাতীয় রাজস্ব বোর্ড এসব অনুধাবন করতে পেরে এস আর ও নং-১১৮–এল/৮৪/৮২৯ সি ইউ–এস তারিখ ২১ মার্চ ১৯৮৪ –এর মাধ্যমে খুচরা যন্ত্রাংশের উপর শুল্ক হার কমিয়ে কমপিউটার সিষ্টেমের মতো করে এবং বিক্রয় কর পুরোপুরি প্রত্যাহার করে।

বেশ কিছুকাল কমপিউটারায়ন দ্রুতলয়ে হবার পর সরকার যখন দেশকে কমপিউটারাইজড করার নীতিমালা সুস্পষ্টভাবে ঘোষণা করেন, তখন ১৯৯১ সনের বাজেটে কমপিউটারের খুচরা যন্ত্রাংশের উপর ২০% আমদানীশুল্ক এবং ১৫% ভ্যাটসহ সর্বমোট ৮৭% বৃদ্ধি করা হয়। এই করবৃদ্ধি সরকারী কমপিউটার সংক্রান্ত সকল রীতি নীতির পরিপন্থী। আমরা অবাক হই যখন দেখি যে পুরনো অচল প্রযুক্তি টাইপরাইটারের ওপর কর কমিয়ে কমপিউটারের ওপর কর বাড়ানো হয়। এনএবি আর -এর এই ঘোষনা সরকারী সকল ভবিষ্যৎ পরিকল্পনাকে বাধাদান করবে অথবা শ্লথগতি সম্পন্ন করে দেবে।

এই পরিস্থিতি বিবেচনা করে আমরা এনবিআরকে এইচ এস কোড ৮৪.৭৩ এর অধীনে কমপিউটারের খুচরা যন্ত্রাংশের শুল্কহার শতকরা ৫% এড – ভ্যালুতে ( ad-valuc) কমিয়ে আনার অনুরোধ করছি। যাতে করে কমপিউটার সিষ্টেম এবং পেরিফেরালসের শুল্কহার সমান হয় এবং দেশে কমপিউটার সংক্রান্ত সরকারী নীতিমালা দ্রুত কার্যকর হয়। •


COMPUTER



| SALES | SERVICES |
|---|---|
| PAPER | RENTAL |
| RIBBON | RE-FILLING |
| MONITOR | RIBBON RE-INKING |
| COMPUTER | RURAL FIELD WORK |
| DISKETTE | REPAIR & MAINTENANCE |
| UPS/FAX | SOFTWARE DEV. |
| HARDWARE | HARDWARE INSTALLATION |
| **TRAINING** | **DATA ENTRY** |
| WORDSTAR | COURIER |
| SPSS/HPG / BANGLA (WP) | COACHING |
| LOTUS/DBASE III & IV | PHOTOCOPY |
| WORD PERFECT | DATA ENTRY |
| BASIC/C-PROGRAMMING | SHARE ISSUE |
| QUATTRO PRO | CONSULTANCY |
| ACCOUNTING | LEDGER PRITING |

TOP OF THE TIME

ANANTA JOTI

অনন্ত জ্যোতি

Baitush Sharf Mosque (Ops-Tejgaon Police Station)
149/A, Airport Road, (2nd Floor) Dhaka --1215,
Telephone : 815445